অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/4/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটে 1,000 ভেন্টিলেটর দান করার ঘোষণা দিয়েছেন

জোসেফ অ্যান্ড ক্লারা টিসাই ফাউন্ডেশন এবং চীনের সরকার ও রাষ্ট্রদূত হুয়াং পিং, চীনের কনসাল জেনারেলের পক্ষ থেকে স্টেটে অনুদান দেওয়া হয়েছে

জোসেফ অ্যান্ড ক্লারা টিসাই ফাউন্ডেশন এবং জ্যাক মা ফাউন্ডেশনও এক মিলিয়ন সার্জিক্যাল মাস্ক, এক মিলিয়ন KN95 মাস্ক এবং 100,000 জোড়ার বেশি গগলস দান করেছেন

এছাড়াও ঘোষণা করেন NBA নিকস অ্যান্ড নেটস এর সঙ্গে এক মিলিয়ন সার্জিক্যাল মাস্ক সহযোগিতা করছে

ওরেগন গভর্নর কেট ব্রাউন নিউ ইয়র্কে 140 ভেন্টিলেটর দেওয়ার ঘোষণা দিয়েছেন

গর্ভনর কুওমো গ্রাজুয়েটে স্নাতকৃত মেডিকেল শিক্ষার্থীদের অনুশীলন শুরু করার জন্য অনুমতি প্রদানের নির্বাহী আদেশ জারি করেছেন

আজ অবধি, স্টেটের বাইরের 22,000 জনসহ 85,000 জন স্বাস্থ্য কর্মী চাহিদা অনুযায়ী স্টেটের বর্ধিত স্বাস্থ্য সেবাদানের অংশ হিসেবে স্বেচ্ছাসেবীর কাজ করেছেন

নিউ ইয়র্ক স্টেটে আরও 10,841টি করোনাভাইরাসের ঘটনা শনাক্ত হয়েছে - যা স্টেটব্যাপী 47 কাউন্টিতে নতুন ঘটনার সংখ্যাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 113,704-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে জোসেফ অ্যান্ড ক্লারা টিসাই ফাউন্ডেশন 1,000 ভেন্টিলেটর নিউ ইয়র্কে দান করেছে। জোসেফ অ্যান্ড ক্লারা টিসাই ফাউন্ডেশন এবং জ্যাক মা ফাউন্ডেশন এক মিলিয়ন সার্জিক্যাল মাস্ক, এক মিলিয়ন KN95 মাস্ক এবং 100,000 জোড়ার বেশি গগলস স্টেটকে অনুদান দিয়েছে। চীনা সরকার ও রাষ্ট্রদূত হুয়াং পিং, চাইনিজ কনসাল জেনারেল এসব অনুদানের সুবিধা দিয়েছেন। ভেন্টিলেটরগুলি আজ জন এফ. কেনেডি (JFK) বিমানবন্দরে এসে পৌঁছায়।

নিউ ইয়র্ক নিকস, ব্রুকলিন নেটস এবং চীনের নিউ ইয়র্ক কনসাল জেনারেল হুয়াং পিং-এর সহযোগিতায় ন্যাশনাল বাস্কেটবল অ্যাসোসিয়েশন (National Basketball Association) নিউ ইয়র্কের জরুরি কর্মীদের জন্য এক মিলিয়ন সার্জিক্যাল মাস্ক এর যোগান য়দিচ্ছে।

এছাড়া, ওরেগন গভর্নর কেট ব্রাউন ওরেগনের স্টকপাইল থেকে 140 ভেন্টিলেটর নিউ ইয়র্কে দেওয়ার ঘোষণা দিয়েছেন।

গভর্নর কুওমো একটি নির্বাহী আদেশ জারি করবেন যে গ্রাজুয়েটে স্লাটকৃত সকল মেডিকেল শিক্ষার্থীগণ অনুশীলন শুরু করার জন্য অনুমোদিত যাতে তারা স্টেটের বর্ধিত স্বাস্থ্য সেবার চাহিদা অনুযায়ী সেবাদান করতে সক্ষম হয়। আজ অবধি, স্টেটের বাইরের 22,000 জনসহ 85,000 স্বাস্থ্য কর্মী চলমান COVID-19 মহামারী চলাকালীন স্টেটের চাহিদা অনুযায়ী বর্ধিত স্বাস্থ্য সেবাদানের অংশ হিসেবে স্বেচ্ছাসেবীর জন্য সাইন আপ করেছেন।

"এই মহামারি আমাদের জাতিকে প্রতিটি স্তরে চাপ দিচ্ছে এবং সর্বোচ্চ পর্যায়ে যা ঘটবে তার বিরুদ্ধে প্রস্তুতি নিতে আমরা আমাদের সমস্ত শক্তি দিয়ে সব কিছু করছি," **গভর্নর কুওমো বলেন।** "ভেন্টিলেটরের জন্য আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ রয়েছে এবং আমরা জোসেফ অ্যান্ড ক্লারা টিসাই ফাউন্ডেশন এবং চীন সরকারের কাছ থেকে 1,000 ভেন্টিলেটরের পাশাপাশি ওরেগন থেকে 140 ভেন্টিলেটরের একটি মহৎ অনুদান পেয়েছি এবং এই ভেন্টিলেটরগুলো জীবন বাঁচাবে। এটি একটি বেদনাদায়ক, অকল্যাণকর অভিজ্ঞতা তবে আমরা একসাথে এর মাধ্যমে প্রতিকার পেয়ে যাব এবং এর জন্য আমরা সবাই ভালো থাকব।"

পরিশেষে, গভর্নর আরও 10,841টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 113,704-এ নিয়ে আসে। মোট 113,704 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	293	26
Allegany	16	2
Broome	65	9
Cattaraugus	9	0
Cayuga	7	1
Chautauqua	10	1
Chemung	36	1
Chenango	39	7
Clinton	31	1
Columbia	49	7
Cortland	10	0
Delaware	26	2

Dutchess	938	129
Erie	808	88
Essex	7	1
Franklin	10	0
Fulton	9	3
Genesee	20	4
Greene	24	1
Hamilton	2	0
Herkimer	18	4
Jefferson	20	2
Lewis	2	0
Livingston	18	2
Madison	74	4
Monroe	512	48
Montgomery	13	3
Nassau	13,346	1,322
Niagara	101	7
NYC	63,306	6,147
Oneida	80	9
Onondaga	262	10
Ontario	31	3
Orange	2,741	344
Orleans	10	1
Oswego	26	0
Otsego	26	5
Putnam	283	31
Rensselaer	58	2
Rockland	4,872	583
Saratoga	141	0
Schenectady	117	7
Schoharie	10	1
Schuyler	4	1
Seneca	6	0
St. Lawrence	52	9
Steuben	55	9
Suffolk	11,370	1,216
Sullivan	193	25
Tioga	7	0

Tompkins	85	1
Ulster	290	27
Warren	20	1
Washington	16	1
Wayne	30	0
Westchester	13,081	730
Wyoming	18	3
Yates	1	0

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন